

MESSAGE OF THE HON'BLE PRESIDENT

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

২৩ ফাল্গুন ১৪১৮
০৬ মার্চ ২০১২

বাণী

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির একাদশ সমাবর্তন অনুষ্ঠিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি নবীন গ্রাজুয়েট, তাদের অভিভাবক ও শিক্ষকমণ্ডলীকে আন্তরিক অভিনন্দন জানাই।

দেশের বিশ্ববিদ্যালয়গুলো উচ্চশিক্ষা ও গবেষণার পীঠস্থান। এখানে নিরন্তর জ্ঞান চর্চার পাশাপাশি নতুন জ্ঞান সৃষ্টি হয়। পরিবর্তনশীল বৈশ্বিক জ্ঞান বিজ্ঞানের সাথে তাল মিলিয়ে বিশ্ববিদ্যালয়গুলো নতুন নতুন কারিকুলাম গ্রহণ করবে এবং শিক্ষার্থীদের বিশ্বমানের গড়ে তুলবে, এটা জাতির প্রত্যাশা। আমি আশা করি নবীন গ্রাজুয়েটগণ মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে তাদের অর্জিত জ্ঞান, মেধা ও সৃজনশীলতাকে দেশে ও জাতির কল্যাণে কাজে লাগাবে।

আমি ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির একাদশ সমাবর্তনের সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

তিঃ রহমান
মোঃ জিলুর রহমান

11th Convocation 2012